



নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২৬১

তারিখঃ ০৬/১২/২০২২ খ্রি:।

প্রাপকঃ চেয়ারম্যান

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান।

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসূচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

মহোদয়


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলার আলীকদম উপজেলাধীন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য প্রদানের নিমিত্ত চেয়ারম্যান বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে মোট ৪ মে.টন চাউল নিয়ে বর্ণিত শর্তে মঞ্জুরি আদেশ প্রদান করা হলো।

ক্র.নং	ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম	চাউল	গম	মোট
১.	জনাব বারুই শ্রো, পরিচালক, আনই শ্রো শিশু সদন, আলীকদম, বান্দরবান।	২	-	৪
২.	জনাব উঃ উইচারি মহাখের, সভাপতি, ৩০তম মারাইংতং জেদী মহা বৌদ্ধ মেলা ২২ ইং, আলীকদম, বান্দরবান	২	-	

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৬/০৭/২০২২ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-০৭ নম্বর স্মারকমূলে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল, ৩৭২২১০২ ত্রাণ কার্য গম খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ী বান্দরবান পার্বত্য জেলার দুর্যোগ মোকাবেলায় এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

০৩। শর্তসমূহঃ

১. বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, ব্যক্তি/প্রতিষ্ঠানের ও ভাইস চেয়ারম্যানের প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে জারিকৃত নীতিমালার প্রতিটি শর্ত যথাযথভাবে অনুসরণ করার জন্য কাঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।
৩. ইতোমধ্যে জেলা প্রশাসনের মাধ্যমেও উন্নয়ন কার্যক্রমের জন্য যে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপকারভোগীর Overlapping এড়ানোর জন্য জেলা প্রশাসক এর সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;
৪. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
৫. বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে;
৬. বিশেষ কোন ব্যক্তি নয় এলাকার সামষ্টিক উন্নয়নের লক্ষ্যে ও সমাজের বৃহৎ জনগোষ্ঠির স্বার্থ বিবেচনায় প্রকল্প স্থান নির্ধারণসহ প্রকল্প পরিকল্পনা, রূপরেখা ও বাস্তবায়ন করতে হবে।
৭. প্রকল্প বাস্তবায়নের শুরু থেকে শেষ পর্যন্ত সমুদয় দািলিক প্রমাণ সংরক্ষণ করতে হবে;
৮. ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে;
৯. প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক তদারকি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি কর্তৃক বাস্তবায়নধীন/বাস্তবায়িত প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ করে মন্তব্যসহ অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
১০. পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে ও পরিবেশের জন্য ক্ষতিকর এমন কোন প্রকল্প গ্রহণ করা যাবে না;
১১. প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকল্পের অনুকূলে বৃক্ষরোপন কর্মসূচি অন্তর্ভুক্ত করতে হবে;
১২. বরাদ্দকৃত খাদ্যশস্য ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) বিশেষ কর্মসূচি আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যয় করতে হবে।


(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন-৫৫১০০৬৩০


চলমান পাতা-০২

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২৬১/১(১১)

তারিখঃ ০৬/১২/২০২২ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. জনাব বাবুই ম্রো, পরিচালক, আনই ম্রো শিশু সদন, আলীকদম, বান্দরবান।
১০. জনাব উঃ উইচারা মহাথের, সভাপতি, ৩০তম মারাইংতং জেদী মহা বৌদ্ধ মেলা ২২ ইং, আলীকদম, বান্দরবান।
১১. অফিস কপি।


(মো: হায়দার আলী মোস্তা)
সহকারী সচিব